# সাংবাদিকদের ওয়েজ বোর্ড শ্রম মন্ত্রণালয়ের অধীনে আনার প্রস্তাব: তথ্য উপদেষ্টা




সংগৃহীত ছবি

তথ্য উপদেষ্টা মাহফুজ আলম বলেন, সাংবাদিকদের বেতন নির্ধারণ এবং ওয়েজ বোর্ডের কাজ শ্রম মন্ত্রণালয়ের অধীনে হওয়া উচিত। তিনি সতর্ক করেছেন, বেতন না বাড়লে সাংবাদিকরা বিপথগামী হতে পারেন, আর ভালো বেতন দিলে চাঁদাবাজি ও দালালি কমবে।

বুধবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ-২০২৫ এর খসড়া এবং সংবাদপত্র ওয়েজ বোর্ড গঠন নিয়ে অনুষ্ঠিত এক সভায় তথ্য উপদেষ্টা মাহফুজ আলম সাংবাদিকদের বেতন ও ওয়েজ বোর্ড নিয়ে তাঁর অবস্থান তুলে ধরেন।

তিনি বলেন, “সাংবাদিকরা শ্রম মন্ত্রণালয়ের অধীনে কাজ করলেও তাদের বেতন তথ্য মন্ত্রণালয় নির্ধারণ করছে, যা সঠিক নয়। তাই আমরা চাই, ওয়েজ বোর্ডের কার্যক্রমও শ্রম মন্ত্রণালয়ের অধীনে হোক।”

মাহফুজ আলম আরও জানান, সাংবাদিকরা দীর্ঘদিন ধরে মজুরি বোর্ডের দাবিতে রয়েছেন। এ প্রক্রিয়ায় মালিকপক্ষের সম্মতি অপরিহার্য, কারণ তাদেরও মত প্রকাশের অধিকার আছে। সাংবাদিকতার অধিকার সুরক্ষা অধ্যাদেশ নিয়ে প্রস্তাবনা ও যুক্তি-বিবেচনার জন্য ১০ দিনের সময় বেঁধে দেওয়া হয়েছে।

তিনি সতর্ক করেন, বেতন বৃদ্ধি না হলে সাংবাদিকরা বিপথগামী হতে পারেন। কিন্তু পর্যাপ্ত বেতন দিলে চাঁদাবাজি ও দালালি হ্রাস পাবে। পাশাপাশি তিনি অভিযোগ করেন, মালিকপক্ষের অনিহা বা সদিচ্ছার অভাবে নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন বিলম্বিত হচ্ছে।

LENS ASIA